

তথ্যবিবরণী

নম্বর-১১৪

ময়মনসিংহ বিভাগীয় পর্যায়ে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৪ অনুষ্ঠিত

ময়মনসিংহ, সোমবার, ১২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.)

ময়মনসিংহ সমাজ সেবা অধিদফতর, বিভাগীয় কার্যালয় কর্তৃক আয়োজিত বিভাগীয় পর্যায়ে বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৪ অনুষ্ঠিত হয়েছে। ময়মনসিংহ বিভাগের চারটি জেলার ৫টি শিশু পরিবার, ৪টি সমন্বিত অন্ধ শিক্ষা কার্যালয়সহ ৯টি প্রতিষ্ঠানের মোট ২৬১ জন শিশু প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে। এতে ২৩টি ইভেন্টের মধ্যে খেলাধুলা ১২টি এবং সাংস্কৃতিক অনুষ্ঠান ১১টি ছিল।

সোমবার (১২ই ফেব্রুয়ারি) সরকারি শিশু পরিবার (বালক) ময়মনসিংহের শল্লুগঞ্জ বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৪ অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠান উদ্বোধন করেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া।

ময়মনসিংহ সমাজ সেবা অধিদপ্তরের পরিচালক মোহাম্মদ গোলাম মোস্তফার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী। আরও উপস্থিত ছিলেন ময়মনসিংহ জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক মোঃ কাইয়ুম, নেত্রকোণা জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক মোঃ আলাল উদ্দিন, জামালপুর জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক মোঃ রাজু আহমেদ এবং শেরপুর জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক মোঃ এটিএম আমিনুল ইসলাম।

শিশুদেরকে উদ্দেশ্য করে প্রধান অতিথি বলেন, প্রথম বা দ্বিতীয় স্থান অধিকার করার চেয়ে বড় বিষয় হলো ভালো মানুষ হওয়া। যদি ভালো মানুষ হয়ে গড়ে উঠতে পারো তাহলে একটি সুন্দর দেশ ভবিষ্যতে উপহার দিতে পারবে। সাধারণ শিশুরা যদি পারে তাহলে তোমরাও পারবে।

প্রধান অতিথি আরো বলেন, প্রতিটা জেলায় শিশু পরিবার আছে। প্রত্যেকটা শিশুর মানসিক ও দৈহিক বিকাশ সাধনে সরকার বিভিন্ন পদক্ষেপ হাতে নিয়েছে এবং কার্যক্রম অব্যাহত রয়েছে। যারা এই শিশুদের প্রতিপালন করছেন তাদের প্রতি রইল আমার অভিবাদন এবং শুভেচ্ছা।

ক্রীড়া অনুষ্ঠানে যে ইভেন্টগুলো রয়েছে সেগুলো হল ক্রীড়া প্রতিযোগিতা বালক ৫০ মিটার দৌড়, মোরগ লড়াই, বিস্কুট দৌড়, ১০০ মিটার দৌড়, ভারসাম্য দৌড়, দীর্ঘ লম্ফ, উচ্চ লম্ফ ও ২০০ মিটার দৌড়।

সরকারি শিশু পরিবারের শিক্ষার্থী, শিক্ষকমন্ডলী, অভিভাবকগণ এবং সাধারণ মানুষ উপস্থিত থেকে অনুষ্ঠান উপভোগ করেন।

#

হদা/মনির/দেওয়ান/রিদওয়ান/রেজভী/ ২০২৪/১৫:৩০ ঘন্টা

